



বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
নরসিংদী।

টেলিফোন : ০২-৯৪৬৩২১৩
০২-৯৪৬৪৪৫৮

ই-মেইল-

crmnorsingdi@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

জাতীয় শুদ্ধাচার কৌশলে আলোকে বাংলাদেশে কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী এর জুলাই ২০২০ হতে সেপ্টেম্বর ২০২০ সময়কালে ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোহাম্মদ ইনামুল হক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময় : ২৪.০৯.২০২০ খ্রিঃ বিকাল-৪ ঘটিকা
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করে। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার কোন বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের মাধ্যমে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তব জীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে উর্ধ্বতন কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এএইচএম এমরান হোসাইন জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- বিকেবি, প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা আগামী ৩০.০৯.২০২০ ইং তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা বাস্তবায়ন।
- ঋণ আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিতকরণ ও পরিপালন নিশ্চিতকরণসহ ব্যাংকের সকল শাখায় গণসচেতনতামূলক পোস্টার টাঙ্গানো আবশ্যিক। প্রতিটি শাখাকে এতদসংক্রান্ত নির্দেশনা আগামী ৩০.০৯.২০২০ ইং এর মধ্যে পত্রযোগে অবহিত করতে হবে।
- বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চা নিশ্চিত করার জন্য মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় অঞ্চলাধীন ২১(একুশ) টি শাখা একাধিকবার পরিদর্শন করেছেন।
- শুদ্ধাচারের অন্যতম উপাদান সুধীজন ও সেবাহ্রহীতাদের মতামত গ্রহণ। এক্ষেত্রে গনশুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণশুনানীর আয়োজন করবেন।

মোহাম্মদ ইনামুল হক
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও
সভাপতি

সূত্র নং-মুআকা(নর)/শুদ্ধাচার-১/২০২০-২০২১/

তারিখ-২৪.০৯.২০২০

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, নরসিংদী মুখ্য অঞ্চল, নরসিংদী।
- ০৫। নথি।

২৪/০৯/২০
(এ.এইচ.এম. এমরান হোসাইন)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা (উ:ক:)